নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-২৭০

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১
০৬ মে ২০২৪

## পরিপত্র-১১

**বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে স্মার্ট ইলেকশন ম্যানেজমেন্ট বিডি অ্যাপস, কপোত অ্যাপস/এসএমএস সিস্টেম ব্যবহার, বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ ও প্রেরণ, ফলাফল একত্রীকরণ, নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা, রিটার্ন ও তার সত্যায়িত কপি সরবরাহ এবং জামানত ফেরত বা বাজেয়াপ্তকরণ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন উপলক্ষে নিম্নলিখিত নির্দেশাবলীর প্রতি বিশেষ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

১। **ষষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচনে স্মার্ট ইলেকশন ম্যানেজমেন্ট বিভিন্ন অ্যাপসের ব্যবহার:**

ক. প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনের দিন ০২ ঘন্টা অন্তর কাস্টিং ভোট সংখ্যা প্রেরণের নিমিত্ত 'কপোত' অ্যাপস/এসএমএস ব্যবহার সংক্রান্ত বিষয় আলোচ্য নির্বাচনে ভোট গ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণে অন্তর্ভুক্তকরণ, প্রণীত নির্দেশিকার প্রিন্ট/সফট কপি প্রদান এবং নির্বাচনি মালামালের সাথে নির্দেশিকা প্রিন্ট করে প্রিজাইডিং অফিসারদের সরবরাহ করতে হবে।

খ. নির্বাচনের দিন প্রতি ০২ ঘন্টা অন্তর সকাল ১০.০০টা. বেলা ১২.০০টা, দুপুর ২.০০টা এবং ভোটগ্রহণ শেষে কাস্টিং ভোট সংখ্যা প্রেরণের নিমিত্ত প্রিজাইডিং অফিসার কর্তৃক কপোত অ্যাপস/এসএমএস সিস্টেম ব্যবহার নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারগণ প্রিজাইডিং অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন এবং নির্বাচনের দিন বর্ণিত ব্যবস্থার মাধ্যমে যথাসময়ে যথাযথভাবে তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণের নিমিত্ত কপোত অ্যাপস/এসএমএস 'ড্যাশবোর্ড' পর্যবেক্ষণ করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

গ. নতুন ভোটকেন্দ্র সমূহের জন্য ভোটকেন্দ্রের geo location, ছবি ইত্যাদি তথ্য সংগ্রহের নিমিত্ত অপারেটরগণ 'ভোটকেন্দ্রের তথ্য সংগ্রহ অ্যাপ' ব্যবহার করে তথ্য সংগ্রহ করবেন; উপজেলা/থানা নির্বাচন অফিসার নিজ পোর্টাল/ড্যাশবোর্ড ব্যবহার করে কেন্দ্র অ্যাসাইন/সার্বিক মনিটরিং করবেন।

২। **ভোটগ্রহণ বন্ধ ঘোষণা**: উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৩ এর ৩৯ বিধি অনুসারে যদি কোন সময় প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভুত কোন কারণে ভোটগ্রহণ এমনভাবে বা বাধাগ্রস্ত বা ব্যাহত হয় যে, তা ধার্যকৃত ভোটগ্রহণের সময়ে পুনরায় আরম্ভ করা সম্ভব নয়, তাহলে তিনি অবিলম্বে ভোটগ্রহণ বন্ধ করে রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। উক্ত বিধি অনুসারে ভোটকেন্দ্রে ব্যবহৃত কোন ব্যালট বাক্স প্রিজাইডিং অফিসারের হেফাজত হতে বেআইনীভাবে অপসারণ করা হলে বা দুর্ঘটনাক্রমে ক্ষতিগ্রস্ত হলে বা ইচ্ছাকৃতভাবে নষ্ট করা হলে বা হারিয়ে গেলে বা এ পরিমাণ হস্তক্ষেপ বলে যে, সেই ভোটকেন্দ্রের ভোটের ফলাফল নির্ধারণ করা যাবে না, সেক্ষেত্রেও প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ বন্ধ করে দেবেন এবং রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার অনতিবিলম্বে উক্ত ঘটনা সম্পর্কে নির্বাচন কমিশনের কাছে একটি প্রতিবেদন পেশ করবেন।

৩। **বন্ধঘোষিত ভোটকেন্দ্রে পুনঃনির্বাচন:** নিয়ন্ত্রণ বহির্ভূত বা অস্বাভাবিক পরিস্থিতিতে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ বন্ধ করা হলে নির্বাচন কমিশন নতুন করে উক্ত ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করবেন। মনে রাখবেন, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রাধীন সকল ভোটার ভোট দিতে পারবেন এবং বন্ধ ঘোষিত নির্বাচনে যে সমস্ত ভোট প্রদত্ত হয়েছে তা গণনা করা যাবে না।

৪। **মুড়িপত্র নিরাপদে সংরক্ষণ:** ভোটকক্ষে কোন ব্যালট বই এর ব্যালট পেপার শেষ হলে মুড়িপত্রগুলো যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ভোটগণনা বা অন্যান্য সময়েও মুড়িপত্র বা ব্যবহৃত ব্যালট পেপার বা অব্যবহৃত ব্যালট পেপার কোনভাবেই যাতে বাইরে যেতে পারে সে দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। এ কারণে মুড়িপত্র, ব্যবহৃত ও অব্যবহৃত ব্যালট পেপারসমূহ সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে এবং সকল ভোটগ্রহণ কর্মকর্তাকে এ বিষয়ে যত্নবান হওয়ার জন্য নির্দেশ দিতে হবে।

অফিসের ঠিকানাঃ C:\Users\Habibullha\Desktop\6th Phase-Curcular-11-habib-2024.doc
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৫। **ভোটকেন্দ্রে ভোট গণনা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৪১ বিধি অনুসারে ভোটকেন্দ্রে ভোট গণনার কাজ সম্পন্ন করতে হবে। ভোটগ্রহণ সমাপ্তির পর পরই প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে উপস্তিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্টগণ উপস্থিত থাকলে তাদের সামনে ভোট গণনা করবেন।

৬। **ভোট পুনঃগণনা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৪১ বিধি এর উপবিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসার মনে করলে স্ব উদ্যোগে অথবা গণনার সময় উপস্তিত কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা কোন নির্বাচনী এজেন্ট বা পোলিং এজেন্ট লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত আবেদনটি যুক্তিযুক্ত মনে করিলে ভোট পুনঃগণনা করতে পারিবেন।

৭। **ভোট গণনার ফলাফল সম্বলিত বিবরণী প্রস্তুতকরণ:** চেয়ারম্যান নির্বাচনের জন্য "ফরম-ঞ" তে ভোট গণনার অর্থাৎ প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী প্রস্তুত করবেন। ভাইস চেয়ারম্যান নির্বাচনের জন্য "ফরম-ঞ-১" এবং মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের জন্য "ফরম-ঞ-২" তে ভোট গণনার বিবরণী অর্থাৎ প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী প্রস্তুত করবেন। এ সব বিবরণীতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে প্রদত্ত ভোটের সংখ্যা এবং গণনা হতে বাদ দেয়া ব্যালট পেপারের সংখ্যা উল্লেখ করতে হবে।

৮। **ব্যালট পেপারের হিসাব বিবরণী প্রস্তুতকরণ:** প্রিজাইডিং অফিসার নির্ধারিত ফরম-ট অনুসারে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য ব্যালট পেপারের হিসাব বিবরণী প্রস্তুত করবেন এবং গানি ব্যাগ, রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিবেন।

৯। **ভোট গণনার বিবরণী সরবরাহ**: প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্টকে প্রিজাইডিং অফিসারের কাছে ভোট গণনার কাছে অর্থাৎ প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী প্রদান করতে হবে। উপস্থিত কেউ তা গ্রহণ করতে অসম্মতি জ্ঞাপন করলে তিনি তা রেকর্ড করে রাখবেন।

১০। **নির্বাচনি কাগজপত্রাদি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ**: ভোটগণনার কাজ শেষ হওয়ার পর প্রিজাইডিং অফিসার প্রাপ্ত চটের থলিতে সমস্ত প্যাকেট ও দলিল-পত্রাদি ভর্তি করে তা সিল গালা করবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহরাধীনে যত তাড়াতাড়ি সম্ভব সহকারী রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসারের কাছে হস্তান্তর করবেন। তার পাশাপাশি ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখে ফলাফল কেন্দ্রের বাইরে কোন দৃশ্যমান স্থানে সেঁটে দিতে হবে।

১১। **ফলাফল একত্রীকরণের নোটিস, একত্রীকরণ, ভোটের সমতার ক্ষেত্রে লটারিকরণ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৩ এর উপবিধি (১) অনুসারে রিটার্নিং অফিসার ফলাফল একত্রীকরণের উদ্দেশ্যে তারিখ, সময় এবং স্থান উল্লেখপূর্বক তদনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাদের নির্বাচনি এজেন্টগণকে উপস্থিত থাকার লক্ষ্যে একটি লিখিত নোটিস দিবেন।

(২) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে, রিটার্নিং অফিসার যথাক্রমে ফরম ঞ, ঞ-১ ও ঞ-২ তে প্রদত্ত বৈধ ভোটের বিবরণী এবং ফরম ''ট'' তে প্রদত্ত ব্যালট পেপারের হিসাব বিবরণী পাওয়ার সংগে সংগে প্রতিদ্বন্দ্বী প্রার্থী কিংবা তাদের নির্বাচনি এজেন্টের উপস্থিতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রত্যেকের অনুকূলে প্রদত্ত বৈধ ভোটসমূহ, আপত্তিকৃত বৈধ ভোটসমূহ সমেত, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের জন্য যথাক্রমে ফরম ঠ, ঠ-১ ও ঠ-২ তে একত্র করবেন; এবং যে পদে যে প্রার্থীর পক্ষে সর্বাধিক ভোট প্রদত্ত হয়েছে তাকে নির্বাচিত বলে ঘোষণা করবেন।

(৩) **ভোটের সমতার ক্ষেত্রে: বিধি ৪৩ এর উপ-বিধি (৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফালাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইবার কারণে উপ-বিধি (২) এর অধীন কোন প্রার্থীকে নির্বাচিত করা সম্ভব নহে, তাহা হইলে রিটার্নিং অফিসার লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করিবেন; লটারি যে প্রার্থীর অনুকূলে যাইবে সেই প্রার্থী সর্বোর্চ্চ ভোট প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং রিটার্নিং অফিসার তাহাকে নির্বাচিত ঘোষণা করিবেন; রিটার্নিং অফিসার তদকর্তৃক সম্পাদিত লটারির সম্পূর্ণ কার্যক্রম লিপিবদ্ধ করিয়া একটি কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং উক্ত কার্যবিবরণীতে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন।**

(৪) বিধি ৩৯ এর উপ-বিধি (১) এর অধীনে যদি কোন ভোটকেন্দ্রের নির্বাচন বন্ধ ঘোষিত হয়, সেক্ষেত্রে রিটার্নিং অফিসার যদি এই মর্মে সন্তষ্ট হন যে, উক্ত উপজেলার অন্যান্য কেন্দ্রের ভোট গ্রহণের ফলাফল দ্বারা নির্বাচনের ফলাফল নিরুপিত হয়েছে, তাহলে বিধি ৩৯ এ উপ-বিধি (২) অনুসারে উক্ত স্থগিত কেন্দ্রের পুনঃভোট গ্রহণ ব্যতিরেকে, কমিশনের

অনুমোদন সাপেক্ষে, যে প্রার্থী সর্বাধিক সংখ্যক ভোট পেয়েছেন তাকে নির্বাচিত ঘোষণা করবেন।

(৫) ঠ, ঠ-১ ও ঠ-২ তে একত্রীকৃত ভোট গণনার বিবরণী রিটার্নিং অফিসার যথাযথভাবে সত্যায়িত করিয়া প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের কিংবা তাদের নির্বাচনি পোলিং এজেন্টদেরকে কপি প্রদান করবেন।

(৬) রিটার্নিং অফিসার কর্তৃক ভোট গণনার চূড়ান্ত ফলাফল ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ঠিকানা প্রদর্শনপূর্বক ফরম 'ড' তে পূর্ণাঙ্গ বিবরণী অনতিবিলম্বে প্রকাশ করবেন।

১২। **ফলাফল একত্রীকরণ, নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা, রিটার্ন প্রস্তুত এবং তার সত্যায়িত কপি সরবরাহ ইত্যাদি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৪ এর উপবিধি (১) অনুসারে রিটার্নিং অফিসার, বিভিন্ন ভোটকেন্দ্র হইতে বিধি ৪১ ও ৪২ এ উল্লিখিত ভোট গণনার বিবরণী এবং ব্যালট পেপারের হিসাব প্রাপ্তির পর, তদ্‌কর্তৃক নির্ধারিত সময়ে, প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের কিংবা তাহাদের নির্বাচনী এজেন্ট বা পোলিং এজেন্টগণের উপস্থিতিতে, প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রত্যেকের অনুকূলে প্রদত্ত বৈধ ভোটসমূহ, আপত্তিকৃত ভোটসমূহ, চেয়ারম্যানের জন্য ফরম 'ঠ', ভাইস চেয়ারম্যান জন্য ফরম ঠ-১ ও মহিলা ভাইস চেয়ারম্যানের জন্য ফরম 'ঠ-২' এ একত্রীভূত করবেন, এবং যে প্রার্থীর অনুকূলে সর্বাধিক সংখ্যক ভোট প্রদত্ত হয়েছে তাকে নির্বাচিত ঘোষণা করবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন গণনার ফলাফল প্রাপ্তির পর, উহা একটি গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রকাশিত গণবিজ্ঞপ্তিতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও উপ-বিধি (১) এর অধীন একত্রীকরণের ফলে প্রাপ্ত মোট ভোটের সংখ্যা উল্লেখ থাকবে।

(৪) রিটার্নিং অফিসার, উপ-বিধি (২) এর অধীন গণবিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর অবিলম্বে, কমিশনের নিকট নির্ধারিত ফরমে, একত্রীকরণ বিবরণীসহ, একটি নির্বাচনি রিটার্ন দাখিল করবেন।

(৫) রিটার্নিং অফিসার, কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টগণের মধ্যে, যারা একত্রীকরণ বিবরণী ও রিটার্ন পেতে ইচ্ছুক তাদেরকে চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ফরম 'ঠ', ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ফরম 'ঠ-১' ও মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ফরম 'ঠ-২' এ একত্রীভূত ভোট গণনার বিবরণী ও নির্বাচনি রিটার্নের সত্যায়িত কপি সরবরাহ করবেন।

১৩। **প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র স্থাপন:** ভোটগ্রহণের দিন নির্বাচনের প্রাথমিক বেসরকারি ফলাফল ও অন্যান্য তথ্যাবলী নির্বাচন কমিশনে প্রচার করা হবে। এ ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি **"কেন্দ্রীয় তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** স্থাপন করা হবে এবং প্রত্যেক রিটার্নিং অফিসারের কার্যালয়েও উক্তরূপ একটি **"তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** থাকবে। সকল রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **"তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে সর্বশেষ নির্বাচনি প্রাথমিক বেসরকারি ফলাফল ও অন্যান্য তথ্যাবলী না পাওয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের **"কেন্দ্রীয় তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** বিরতিহীনভাবে ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহের কাজ চলতে থাকবে।

১৪। পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের দায়িত্বে নিয়োজিতব্য কর্মকর্তার নাম-পদবী, তাদের জন্য নির্ধারিত জেলার নাম ও নির্ধারিত ইন্টারনাল একাউন্ট/টেলিফোন/ফ্যাক্স নম্বর আলাদাভাবে জানানো হবে। উল্লিখিত তথ্যাদি প্রাপ্তির পর রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **''ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র''** হতে কোন্ কর্মকর্তা ফলাফল প্রেরণ করবেন তা ভোটগ্রহণ দিনের পূর্বেই জানিয়ে দিতে হবে। তাছাড়া ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্নে জানিয়ে দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত ইন্টারনাল একাউন্ট নম্বর, টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা বা সচল আছে কিনা অথবা ইন্টারনাল সাইট/ইন্ট্রানেট বা নেটওয়ার্ক বা ইন্টারনাল একাউন্ট ক্ষেত্র বিশেষে ই-মেইল যথাযথ কার্যকর আছে কিনা তা যাচাই করে নিবেন।

১৫। **প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের পদ্ধতি:** প্রাথমিক বেসরকারি ফলাফল নিম্নবর্ণিত উপায়ে সংগৃহীত হবে:

ক. ভোটকেন্দ্র হতে সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে রিটার্নিং অফিসারের কার্যালয়; এবং

খ. রিটার্নিং অফিসারের কার্যালয় হতে নির্বাচন কমিশন সচিবালয়।

১৬। **প্রাথমিক বেসরকারি ফলাফল প্রেরণ পদ্ধতিঃ** প্রিজাইডিং অফিসার ভোট গণনা শেষ হওয়ার সাথে সাথে প্রাথমিক বেসরকারি ফলাফল সংশ্লিষ্ট হতে সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে অফিসারকে নিম্নবর্ণিত উপায়ে অবহিত করবেন:

**ক. বিশেষ বার্তাবাহক:** যেখানে মোবাইল বা টেলিফোন বা ওয়ারলেসে বার্তা প্রেরণের ব্যবস্থা নেই সেখানে প্রিজাইডিং অফিসার বিশেষ বার্তাবাহক দ্বারা ভোট গণনার বিবরণী অর্থাৎ ফলাফল হতে সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে রিটার্নিং অফিসারের নিকট পৌছিয়ে দিবেন।

**খ. মোবাইল/ টেলিফোন:** যদি মোবাইল ফোন থাকে তবে মোবাইল ফোনের মাধ্যমে অথবা যেখানে টেলিফোনের ব্যবস্থা আছে, সেখানে প্রিজাইডিং অফিসার অবশ্যই টেলিফোনের মাধ্যমে ভোট গণনার ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

**গ. ফ্যাক্স:** যে সকল অফিসে ফ্যাক্সের ব্যবস্থা রয়েছে (মোবাইল বা টেলিফোন সংযোগ বন্ধ থাকার ক্ষেত্রে) সেই সমস্ত রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে ভোট গণনার ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে ফ্যাক্সের মাধ্যমে প্রেরণ করবে।

তবে নির্বাচনের ফলাফল জানানোর সময় অত্যন্ত সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে কোন অবস্থাতেই ভুল তথ্য পরিবেশিত না হয়।

১৭। **নির্বাচন কমিশন সচিবালয়ে প্রাথমিক বেসরকারি ফলাফল পরিবেশন:** ভোটগ্রহণ শেষে ''বার্তা প্রেরণ শিট'' এর মাধ্যমে প্রাথমিক বেসরকারি ফলাফল প্রেরণ করার লক্ষ্যে নির্ধারিত নমুনা **পরিশিষ্ট-ক** এ সংযুক্ত করা হলো। উল্লিখিত বার্তা ফরমে ক্রমপুঞ্জি আকারে (Cumulative) প্রাথমিক বেসরকারি ফলাফল ইন্টারনাল সাইটে নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার একাউন্টে প্রেরণ করতে হবে। এখানে বিশেষভাবে প্রণিধানযোগ্য যে, শুধু চেয়ারম্যান পদের ফলাফল ক্রমপুঞ্জি আকারে প্রতি এক ঘন্টা অন্তর (প্রয়োজনে এক ঘন্টার কম সময়েও) টেলিফোন ও ফ্যাক্সের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রদত্ত ছকে (পরিশিষ্ট-ক) জানাতে হবে। ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদের সর্বশেষ ফলাফল পরিবেশনের পর, বেসরকারিভাবে নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বীর ফলাফল অন্য দু'টি ছকের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। ইন্টারনাল একাউন্টে বার্তা প্রেরণে সমস্যা হলে অথবা বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকলে ই-মেইল ও ফ্যাক্সযোগে প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্মকর্তার সাথে নির্ধারিত টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করে প্রেরিত বার্তা সম্পর্কে নিশ্চিত হবেন এবং দ্রুততার সাথে বার্তা প্রদানের জন্য টেলিফোনে যোগাযোগ করবেন। তবে চূড়ান্ত বার্তা শিট অবশ্যই রিটার্নিং অফিসারের স্বাক্ষরে প্রেরণ করতে হবে এবং RMS এ নির্ধারিত পদ্ধতিতে আপলোড করতে হবে।

১৮। **পরিস্থিতি প্রতিবেদন:** পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিশনের কর্মকর্তার নাম-পদবি, তাদের জন্য নির্ধারিত জেলার নাম, নির্ধারিত টেলিফোন/ফ্যাক্স/ইন্টারনাল একাউন্ট নম্বর **পরিশিষ্ট-খ** এ সংযুক্ত করা হলো। ভোটগ্রহণের দিন সকাল ৮.০০ টা হতে বেসরকারি ফলাফল পরিবেশন পর্যন্ত নির্বাচনি এলাকার সার্বিক পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্নে জানিয়ে দিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা অথবা সচল আছে কিনা তা যাচাই করে নিবেন।

১৯। **ফলাফল ব্যবস্থাপনা পদ্ধতি:** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ন্যায় ২০১৯ সনের উপজেলা পরিষদ নির্বাচনেও ভোটগ্রহণ শেষে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ ও প্রচার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরীক্ষামূলকভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্ট্রানেটে Result Management system (RMS) ব্যবহার করা হবে। রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একত্র করার পর একীভূত বিবরণী নির্বাচনি রিটার্ন (RMS) এ দেয়া হবে। RMS এ প্রাপ্ত ফলাফলের মাধ্যমে প্রতিবেদন প্রস্তুত ও অন্যান্য কাজে ব্যবহার করা যাবে।

২০। **ফলাফল গেজেটে প্রকাশ:** রিটার্নিং অফিসার, নির্বাচনের ফলাফল ঘোষণার পর, নির্বাচিত বলে ঘোষিত সকল প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত একটি তালিকা ফরম 'ড'-তে প্রস্তুত করবেন এবং উক্ত তালিকা কমিশনের নিকট প্রেরণ করবেন এবং কমিশন নির্বাচিত প্রার্থীর নাম সম্বলিত উক্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করবে।

২১। **জামানত ফেরত বা বাজেয়াপ্তি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৬ এর উপবিধি (১) অনুসারে কোন প্রার্থীকে জামানতের টাকা ফেরত দিতে হলে, উক্ত প্রার্থীর জামানতের টাকা প্রার্থী বা রিটার্নিং অফিসার কর্তৃক যে চালানমূলে সরকারি কোষাগারে জমা করা হয়েছে সে চালানের মূল কপির পিঠে ''জামানতের টাকা অবমুক্ত করা হইল'' মর্মে প্রত্যয়ন লিপিবদ্ধ করে রিটার্নিং অফিসার স্বাক্ষর প্রদান করবেন এবং স্বাক্ষরের নীচে তার নাম ও পদবী সম্বলিত সিল মোহরাঙ্কন করবেন।

(২) কোন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হলে অথবা তিনি তার প্রার্থিতা প্রত্যাহার করলে বা নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে, তার উক্ত প্রার্থিতার বিপরীতে প্রদত্ত জামানত উক্ত প্রার্থীকে বা জামানত প্রদানকারীর বৈধ প্রতিনিধিকে অনুরূপ বাতিল, প্রত্যাহার বা মৃত্যুর পর, যথাশীঘ্র সম্ভব, ফেরত প্রদান করতে হবে।

(৩) নির্বাচনের ফলাফল গেজেটে প্রকাশিত হইবার পর যদি দেখা যায় যে, কোন প্রার্থী সংশ্লিষ্ট নির্বাচনে প্রদত্ত ভোটের ১৫ (পনের) শতাংশ অপেক্ষা কম ভোট পাইয়াছেন, তাহা হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিয়া সরকারের অনুকূলে জমা করিতে হইবে এবং বাজেয়াপ্তের প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) কোন নির্বাচনের বৈধতার বিষয়ে প্রশ্ন উত্থাপন করিয়া নির্বাচনি ট্রাইব্যুনালে কোন নির্বাচনি দরখাস্ত দাখিল করা হলে, উক্ত দরখাস্ত চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত নির্বাচন সংক্রান্ত কোন জামানত কোন প্রার্থীকে ফেরত দেওয়া হবে না বা তা বাজেয়াপ্তও করা যাবে না।

সংলগ্নী: বর্ণনা মোতাবেক।

প্রাপক,

১। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.......................(সংশ্লিষ্ট)
ও রিটার্নিং অফিসার
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট...................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
৩। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার ...................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
৪। উপজেলা নির্বাহী অফিসার,.......................... (সংশ্লিষ্ট)
ও সহকারী রিটার্নিং অফিসার
৫। সহকারী কমিশনার (ভূমি)............................ (সংশ্লিষ্ট) ও
সহকারী রিটার্নিং অফিসার
৬। উপজেলা নির্বাচন অফিসার/নির্বাচন অফিসার,............. (সংশ্লিষ্ট)
ও সহকারী রিটার্নিং অফিসার

০২/০৫/২০২৪

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-২৬৬

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ / ০৫ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ........................................(সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. পরিচালক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও মনোনয়নপত্র অনলাইনে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, .................................... (সকল) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................................... (সকল)
২০. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২১. পুলিশ সুপার, ..................................... (সংশ্লিষ্ট)
২২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. অফিসার ইন-চার্জ, .......................... (সংশ্লিষ্ট)।

০৬।৫।2024

**(মোহাম্মদ শাহজালাল)**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯ (অফিস)
e-mail: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

# পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন

## প্রাথমিক বেসরকারি ফলাফল

## বার্তা প্রেরণ শিট

**পদের নামঃ**

| | |
|---|---|
| উপজেলার নামঃ<br>জেলার নামঃ<br><br>বার্তা নম্বর: | মোট ভোটারের সংখ্যা:<br>মোট ভোটকেন্দ্রের সংখ্যা:<br>ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যা: |

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | রাজনৈতিক দলের নাম | বরাদ্দকৃত প্রতীক | এ পর্যন্ত প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | মোট বৈধ ভোটের সংখ্যা: | | | | |
| | মোট অবৈধ ভোটের সংখ্যা: | | | | |
| | মোট প্রদত্ত ভোটের সংখ্যা: | | | | |

স্থগিত ভোট কেন্দ্রের সংখ্যা:

স্থগিত ভোট কেন্দ্রের ভোটার সংখ্যা:

| নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: | রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: |
|---|---|
| নাম : | নাম : |
| পদবি : | পদবি : |
| স্বাক্ষর: | স্বাক্ষর: |
| তারিখ : | তারিখ : |
| সময় : | সময় : |

এই ফরমে ফলাফল প্রেরণে নির্ধারিত ফোন/ফ্যাক্স/ইন্টারনাল একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

## রিটার্নিং অফিসারদের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ের যে সকল কর্মকর্তাবৃন্দ ভোটগ্রহণ চলাকালে পরিস্থিতি প্রতিবেদন ও বেসরকারি প্রাথমিক ফলাফল সংগ্রহ করবেন তার বিবরণী

| ক্রম | অঞ্চলের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | দায়িত্বপ্রাপ্ত জেলা | যোগাযোগ নম্বর | | ইন্ট্রানাল ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| | | | | টেলিফোন | ই-মেইল | |
| ১. | রংপুর | জনাব মোঃ আবুল হোসেন, উপসচিব (চলতি দায়িত্ব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | পঞ্চগড়, ঠাকুরগাঁও | ০১৭১৭৮১৭৪৩১ | htt://shovon_ec @yahoo.com | |
| | | জনাব মোঃ হেলাল উদ্দিন খান, উপ-সচিব (চলতি দায়িত্ব) (সংস্থাপন-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা | ০১৭১১২৬৭৪৬৪<br>০১৭১২৫৮২৭১০ | helal.ecsoff.bd @gmail.com | ds_estbl<br>sas_estbl1 |
| | | জনাব আফরোজা পারভীন, সহকারী সচিব (সংস্থাপন-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | নীলফামারী, দিনাজপুর, রংপুর | ০১৭১৩৬২৭১৭৮<br>০১৭১২৬৮০৪৯১ | afrojarita@gma il.com | sas_estbl2 |
| ২. | রাজশাহী | জনাব ইকবাল হোসেন, উপসচিব (চলতি দায়িত্ব) (জনবল ব্যবস্থাপনা-৩), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | জয়পুরহাট, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ | ০১৭১১১১০৮১০ | ihossain1976@ yahoo.com | sas_pm3 |
| | | জনাব মোহাম্মদ মাহ্বুব আলম, সিনিয়র সহকারী প্রধান (গবেষণা ও প্রকাশনা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া | ০১৮১৭৬৪৯৭৭৫ | mahbubp৭@gm ail.com | as_rp |
| | | জনাব নুর নাহার ইসলাম, সহকারী সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | নওগাঁ, নাটোর | ০১৭১২২২৫৪৪৬ | naharnoor79@g mail.com | |
| ৩. | খুলনা | জনাব সহিদ আব্দুস ছালাম, উপসচিব (চলতি দায়িত্ব) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | যশোর, মাগুরা, মেহেরপুর | ০১৭৬৩৭২১৫৯ | sasalamecs@g mail.com | |
| | | জনাব মোঃ তকদির আহমেদ, উপ-পরিচালক (নিবন্ধন ও প্রবাসী সেবা), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | খুলনা, সাতক্ষীরা, নড়াইল, বাগেরহাট | ০১৭১১১৮৫২০০ | takdirahmed.ec @gmail.com | dir_reg |
| | | জনাব মোঃ সেলিম উল আলম, প্রোগ্রামার (আই এস) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, কুষ্টিয়া | ০১৭২৫৯৯১৩৩<br>৭ | salimbabu55@g mail.com | sa_is_ecs |
| ৪. | বরিশাল | জনাব মোঃ রোকুনুজ্জামান, উপসচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | বরগুনা, পটুয়াখালী | ০১৭১৫৬১৪০৯৮ | rokunuzzaman70 5@gmail.com | |
| | | জনাব এ.এস.এম. ইকবাল হাসান, সহকারী পরিচালক (মুদ্রণ ও বিতরণ), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | ভোলা, বরিশাল | ০১৯১৫৫৬০৫১৩ | rokunuzzaman70 5@gmail.com | ad_prnd |
| | | জনাব ফৌজিয়া সিদ্দিক, সহকারী পরিচালক (সংশোধন ও প্রতিস্থাপন), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | ঝালকাঠি, পিরোজপুর | ০১৭১৬৫৮৭৮১২ | imti49@yahoo. com | ad_ccr |
| ৫. | ময়মনসিংহ | জনাব মোহাম্মদ শুকুর মাহমুদ মিঞা, উপসচিব (চলতি দায়িত্ব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ময়মনসিংহ, নেত্রকোনা | ০১৭৯৯২০২৭৮০ | s.mahmud_deo @yahoo.com | |
| | | জনাব মোহাম্মদ আল-মামুন, সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | কিশোরগঞ্জ, টাঙ্গাইল | ০১৯৩৭৬৩৮০৩৫ | mamuntorun@y ahoo.com | ds_dis |
| | | জনাব মমতাজ বেগম, সহকারী পরিচালক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | জামালপুর, শেরপুর | ০১৭২৬০২৪৬১৮ | - | |
| ৬. | ঢাকা | জনাব মোহাম্মদ নুরুল হাসান ভূঞা, উপ-পরিচালক (গবেষণা ও ডকুমেন্টেশন), নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | ঢাকা, নারায়ণগঞ্জ | ০১৭১১৩৬৯৯৭৬ | deocckc@gmail .com | lb_lrd |
| | | জনাব মুহাঃ সরওয়ার হোসেন, সহকারী পরিচালক (সঠিকতা যাচাইকরণ), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ | ০১৭১৭-৪০৫৫৯৪ | sarwarueo@gm ail.com | ad_vv |
| | | জনাব ফারজানা রহমান, সহকারী পরিচালক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | গাজীপুর, নরসিংদী | ০১৭৮২১১৬১৩৭ | Farjanarahman2 70@yahoo.com | ad_ls |
| ৭. | ফরিদপুর | জনাব আজিমুল ইসলাম, প্রোগ্রামার (আইসিটি) নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | রাজবাড়ী, ফরিদপুর | | shuhagcse@gm ail.com | prog_ict_e ti |
| | | জনাব মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | শরীয়তপুর, মাদারীপুর | ০১৭৭১১৮৭৭০০ | | |

| ক্রম | অঞ্চলের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | দায়িত্বপ্রাপ্ত জেলা | যোগাযোগ নম্বর | | ইন্ট্রানাল ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| | | | | টেলিফোন | ই-মেইল | |
| | | জনাব আকতার জাহান, সহকারী পরিচালক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | গোপালগঞ্জ | ০১৯১১৯৫৩০২৮ | jahan_simul@yahoo.com | |
| ৮. | সিলেট | জনাব মুহাম্মদ মোশারফ হোসেন, উপসচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সুনামগঞ্জ | ০১৭১২৩৯৩৫৫৮ | - | |
| | | জনাব মোঃ আরিফুল হক, উপ-পরিচালক (প্রশাসন) নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | সিলেট | ০১৯১১৯২৩৫৯৬ | mdarifulhaque385@gmail.com | dd_admin |
| | | জনাব শুধাংশু কুমার সরকার, সহকারী প্রোগ্রামার (আইসিটি), নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | মৌলভীবাজার, হবিগঞ্জ | ০১৭১১৭৩৬৬১১ | - | ap_ict_eti |
| ৯. | কুমিল্লা | জনাব মোহাম্মদ মুঞ্জুরুল আলম, উপসচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | চাঁদপুর, লক্ষ্মীপুর | ০১৭১৬৮৫৬৮৩০ | m_alam1978@yahoo.com/malam1978@gmail.com | |
| | | জনাব মোঃ আঃ আজিজ, উপ-পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও গবেষণা), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা | ০১৭১১১২৯৯৬৯ | maazizec@gmail.com | dd_hrd |
| | | জনাব ওয়াজাহাত নূর, সহকারী পরিচালক (মানবসম্পদ ও প্রশিক্ষণ) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | ফেনী, নোয়াখালী | ০১৫৭২০৮১৭৭৫ | wnh_du@yahoo.com | ad_hrtrn |
| ১০. | চট্টগ্রাম | জনাব মোহাম্মদ আশ্রাফুল আলম, সিনিয়র সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | কক্সবাজার, রাঙ্গামাটি | ০১৭১৮৫৮৮৩৮১ | ashrafueo1@gmail.com | sas_emc1 |
| | | জনাব সৈয়দ গোলাম রাশেদ, সহকারী সচিব (প্রশিক্ষণ ও সক্ষমতা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | খাগড়াছড়ি, বান্দরবান | ০১৮১৮২৬৮০৮২ | sas.tcd.bec@gmail.com | sas_tcd |
| | | জনাব আরিফা বেগম সহকারী সচিব (নিরীক্ষা) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | চট্টগ্রাম | ০১৫৫২৪০৯২৮৪ | arifa_406@yahoo.com | as_audit |
| ১১. | জনাব মোঃ মিজানুর রহমান উপসচিব (চলতি দায়িত্ব) (নির্বাচন প্রশাসন) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | | **সমন্বয়ক** | ০১৭১১১৮৯২৯৯ ০১৭১১১৮৯২৫৫ ০১৬৮৬৪৪১১৭৮ | mizanr63@yahoo.com | sas_ea |
| | জনাব মোঃ সোহেল সামাদ সিনিয়র সহকারী সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | | | ০১৭১৬৭৬৯০০৮ | sohalsamad9008@gmail.com | |

- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব শাখার প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়কদেরকে ফলাফল সংগ্রহ ও বিতরণের কাজে নিয়োজিত করতে পারবেন
- সংশ্লিষ্ট অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য কার্যক্রম গ্রহণ করবেন
- সুষ্ঠুভাবে কাজ করার লক্ষ্যে টিমের মধ্যে পারস্পরিক সমন্বয় করা যাবে
- প্রতিটি বার্তা শিটে রিটার্নিং অফিসার নিজে স্বাক্ষর করবেন।

০৬/০১/২০২৪
মোহাম্মদ শাহজালাল
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা